

সারাদেশ

আখাউড়ার তিন ইউনিয়নে উজানের ঢলের পানি কমতে শুরু করেছে

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া উপজেলার তিনটি ইউনিয়নে ভারতের ত্রিপুরা রাজ্য থেকে নেমে আসা পাহাড়ি ঢলের পানি কমতে শুরু করেছে। গতকাল সোমবার দুপুরের পর থেকে হাওড়া নদীর পানি কমতে থাকে। মঙ্গলবার (২৫ আগস্ট) পর্যন্ত নদটির পানি বিপৎসীমার ১৭৫ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

আখাউড়া স্থলবন্দরসংলগ্ন কালন্দি খালে পানি কমে যাওয়ায় বন্দরের কয়েকটি আমদানি-রপ্তানিকারক প্রতিষ্ঠানে পানি প্রবেশ করলেও তা ইতোমধ্যে সরে গেছে। একই সঙ্গে উপজেলার নিম্নাঞ্চলের বেশ কিছু বাড়িঘরের উঠান থেকেও পানি নেমে গেছে।

আখাউড়া উপজেলা কৃষি কর্মকর্তা মো. মাসুদ রানা জানান, চলতি আমন মৌসুমে উপজেলায় ৪ হাজার ১২ হেক্টর জমিতে ধানের আবাদ হচ্ছে। প্রায় দুই সপ্তাহ আগে এসব জমিতে চারা রোপণ করা হয়। উজানের ঢলের পানিতে আখাউড়া সদর, দক্ষিণ ও মোগড়া ইউনিয়নের কয়েকটি গ্রামের প্রায় ২৫০ হেক্টর ফসলি জমি তলিয়ে যায়। তবে সোমবার দুপুরের পর থেকে পানি কমতে শুরু করেছে। দ্রুত পানি নেমে গেলে ফসলের কোনো ক্ষতি হবে না বলে জানান তিনি।

ব্রাহ্মণবাড়িয়া পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী আকাশ দত্ত জানান, হাওড়া নদীর পানি বাংলাদেশ অংশে বিপৎসীমার ১৭৫ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। নতুন করে ভারী বৃষ্টিপাত না হলে পানি দ্রুত সরে যাবে। এ মুহূর্তে বন্যার কোনো শঙ্কা নেই।

আখাউড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা তাপসী রাবেয়া বলেন, পানি বৃদ্ধির কারণে কিছু ফসলি জমি তলিয়ে গেলেও মৎস্য খাতে কোনো ক্ষতি হয়নি। ইতোমধ্যে পানি কমতে শুরু করেছে। সার্বিক পরিস্থিতি উপজেলা প্রশাসন পর্যবেক্ষণ করছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিব্যোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গ...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/akhaurar-tin-iuniyne-ujaner-dhler-pani-kmte-shuru-krechhe>